গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

## ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নভেম্বর ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৬.১২.২০২৩ |
| সভার সময় | সকাল ১০: ৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে সম্প্রতি বাংলাদেশ-ভারত নৌ সচিব পর্যায়ে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক বেঠকের সাফল্য তুলে ধরেন এবং এই আয়োজনের সাথে জড়িত মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীসহ দপ্তর-সংস্থা প্রধানগণকে ধন্যবাদ জানান ।তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্হাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্হিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ২৯.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ২৮.১১.২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | মন্ত্রণালয়ের APA টিম লিডার সভায় সকল দপ্তর/সংস্থার প্রধানগণকে ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের মাধ্যমে সঠিক সময়ে তথ্য দিয়ে সহায়তা করার ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এপিএ, শুদ্ধাচার, সেবাপ্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার সঠিক সময়ে ওয়েবসাইটে দাখিল করা হচ্ছে। এ সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা হচ্ছে। | ১। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর কোয়াটার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার সকল এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করতে হবে। দপ্তর/ সংস্থা প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>২। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর ২০২৩/২৪ ২য় কোয়াটার (অর্ধ বার্ষিক) লক্ষ্য মাত্রা অর্জনে মন্ত্রণালয়, সকল দপ্তর/সংস্থার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি/ডি-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় নভেম্বর মাসে ৯৬.০৫% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। সংস্থা সমূহের মধ্যে নৌপরিবহন অধিদপ্তর ১০০% ফাইল ই-নথিতে এবং বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট ১০০% ফাইল ডি-নথিতে নিষ্পন্ন সম্পন্ন করেছে।<br><br>ইনথি এবং ডিনথি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। যেহেতু আগামীতে সর্বক্ষেত্রে ডি-নথির প্রচলন হবে সেহেতু সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ে ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তরের ও ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে এটুআই কে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। হার্ডকপিতে নথি নিষ্পত্তি না করে ই-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের নথি নিষ্পত্তি কার্যক্রম ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তর করতে এটুআই কে পত্র দিতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br><br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. ইনোভেশন টীম, নৌপম<br>৪. যুগ্ম-সচিব, প্রশাসন, নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, দপ্তর/সংস্থার বর্তমানে সাধারণ আপত্তির মোট সংখ্যা=৪৬৬টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা=৮৬৮টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা=১৬৩টি, মোট আপত্তির সংখ্যা=১৪৯৭ ও জড়িত টাকা পরিমান =১৪০২৬.৭১৭২ (চৌদ্দ হাজার ছাব্বিশ কোটি একাত্তর লক্ষ বাহাত্তর হাজার টাকা মাত্র)।<br>মোট নিষ্পত্তি (সাধারণ ০৮টি+অগ্রিম ১২টি)=২০টি, মোট নিষ্পত্তির সংগে জড়িত অর্থের পরিমাণ=৩৯.৫৬৪৯ (উনচল্লিশ কোটি ছাপান্ন লক্ষ উনপঞ্চাশ হাজার টাকা মাত্র)।<br>উপসচিব (আইন ও অডিট) সভায় জানান প্রতিটি দপ্তর/সংস্থার সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি নিয়ে সভা করা হয়েছে; তার অধিকাংশ নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ ও সংস্থা কর্তৃক প্রেরিত প্রমাণকের আলোকে পরিবহন অডিট অধিদপ্তর থেকে পর্যায়ক্রমে নিষ্পত্তিপত্র আসছে।<br>বড় ধরনের কয়েকটি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় উপসচিব(আইন ও অডিট) ধন্যবাদ জানান।<br>সভাপতি নিয়মিত সভা করে অডিট আপত্তি নিষ্পত্তি করার ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (নভেম্বর) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬০৪টি।<br>তন্মধ্যে ৫১৮টির জবাব দাখিল করা হয়েছে।<br>এর মধ্যে সরকারের পক্ষ্যে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪টি।<br>মামলাসমূহ নিষ্পত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।<br>সভায় WTC সম্পর্কিত মামলা নিয়ে আলোচনা হয়। এ সংক্রান্ত মামলায় আদালত নীতিমালা করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরের পরবর্তী পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. মন্ত্রণালয় দপ্তর/সংস্থা জড়িত মামলায় নির্দিষ্ট সময়ের মধ্যে সরকার পক্ষে মামলার জবাব দাখিল করতে হবে।<br>২. অনিষ্পন্ন মামলা সমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. WTC সংক্রান্ত মামলায় মহাপরিচালক পক্ষভূক্ত হলে ও আদালতের নির্দেশনা বাস্তবায়নযোগ্য হলে, তা পালন করতে হবে অন্যথায় আপিল করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়।<br>৩. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর |
| ৬. | তথ্য অধিকার আইন (আরটিআই) | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।<br><br>সভাপতি জানান যে, কেউ কোন তথ্য জানতে চাইলে তা নিয়ম অনুযায়ী জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে।<br>৩. তথ্য অধিকার আইনের আওতায় সময়মত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৭ | নাম পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, মোবক, বাস্তুবক, জানরক এবং পাবক এর পদনাম/পদবি পরিবর্তন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় অর্থ বিভাগ এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন পাওয়া গেছে। চবকের পদনাম পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। ০৬-১১-২০২৩ তারিখে অর্থ বিভাগের চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। ব্যক্তিগত ভাবে অর্থ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্হবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিআইডব্লিউটিসি'র অর্গানোগ্রামভুক্ত সচিব, উপসচিব ও সহকারী সচিব পদনাম এর পরিবর্তে উপযুক্ত পদনাম সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুসারে ০৩-১০-২০২৩ তারিখে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>বিআইডব্লিউটিএ' র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গত ১৬-০৮-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায়। এ প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব গত ১৪-০২-২০২৩ তারিখ অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ ৩১-০৮-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র বিভিন্ন পদনাম পরিবর্তনের সম্মতি জ্ঞাপন করেছে। এ প্রেক্ষাপটে অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য বিআইডব্লিউটিএ-কে গত ১২-০৯-২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এখনো প্রস্তাব পাওয়া যায়নি। কার্যক্রম চলমান রয়েছে।<br><br>অপরদিকে জাতীয় নদী রক্ষা কমিশনের পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ০৭-০৯-২০২২ তারিখে এবং অর্থ বিভাগ থেকে ৩১-০১-২০২৩ তারিখে অনুমোদন পাওয়া যায়। এছাড়া গত ৩১-১০-২০২৩ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন পাওয়া গেছে এবং বিষয়টি চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন-কে অবহিত করা হয়েছে।<br><br>সেইসাথে অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্তানুযায়ী এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদন গ্রহণের লক্ষ্যে প্রশাসন শাখা থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৪-১২-২০২৩ তারিখ সংশ্লিষ্ট কাজগপত্রসহ উপসচিব (প্রশাসন) বরাবর ইউ.ও.নোট প্রেরণ করা হয়। | | |
| ৮ | **শূন্যপদ পূরণ সংক্রান্ত** | উপসচিব (প্রশাসন)) সভায় জানান আবশ্যিকভাবে জনবল নিয়োগ প্রদানের নিমিত্তে কার্যক্রম চলমান রয়েছে। ২৫-১১-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের ১৭টি পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে এবং মৌখিক পরীক্ষার গ্রহণ করা হয়েছে। যার চূড়ান্ত ফলাফল মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>শূন্য পদ ও পদোন্নতিযোগ্য পদ দ্রুত পূরণের প্রতি সভাপতি সবার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, ফিডার পদে কর্মরতদের দ্বারা পদোন্নতি প্রদান সম্ভব না হলে চলতি দায়িত্ব প্রদান করা যেতে পারে। সভাপতি পদোন্নতিযোগ্য পদে দ্রুত পদোন্নতি প্রদান করতে নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি সকল দপ্তর/সংস্থায় দ্রুত নিয়োগ কার্যক্রম শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা সমূহ শূন্যপদ পূরণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>২। প্রেষণ বা পদোন্নতিযোগ্য পদ ফিডার পদে কর্মরতদের দ্বারা পূরণ করা সম্ভব না হলে সিনিয়রিটি অনুযায়ী তাদেরকে চলতি দায়িত্ব প্রদান করতে হবে। | ১। সকল দপ্তর/ সংস্থা প্রধান।<br>২। যুগ্মসচিব (প্রশাসন), নৌপম। |
| ৯ | **বিবিধ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | উপসচিব (টিএ) সভায় জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব (সংস্থা-১) জনাব এস এম ফেরদৌস আলম-কে গঠিত কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।গত ২২-১১-২০২২ তারিখে কমিটির আহবায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গত ২১-০৬-২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সংস্কার ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৭-১০-২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ২৯-১০-২০২৩ তারিখে পাওয়া যায়। যার ওপর কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, ১৭-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত উপ-কমিটির ১ম সভা ১৫-১১-২০২৩ তারিখে এবং ২য় সভা ৭-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। ২য় সভার কার্যবিবরণী ১২-১২-২০২৩ তারিখে পাওয়া যায়। যার ওপর কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভাপতি দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে বিরোধ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে দ্রুত বিরোধ নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২.উপসচিব (টিএ), নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, প্রতিবেদনাধীন মাসে (নভেম্বর) চলমান মামলা ৪টি। নতুন কোন মামলা দায়ের হয়নি। ১টি মামলার পুন:তদন্তের জন্য প্রেরণ করা হয়েছে এবং ৩টি মামলা তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ।<br><br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | পুনঃতদন্তের এবং তদন্তের জন্য অপেক্ষামান বিভাগীয় মামলা সমূহের তদন্তকারী কর্মকর্তাগণ দ্রুত প্রতিবেদন পেশ করবেন। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৯.৩ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ সালের বাজেট বাস্তবায়ন | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, রিভাইজ বাজেট যৌক্তিকীকরণ সংক্রান্ত আলোচনা সভা অর্থ বিভাগ কর্তৃক অনুষ্ঠিত হয়েছে।উক্ত সভায় দপ্তর সংস্থার অতিরিক্ত চাহিদার বিষয়টি আলোচনা হয়েছে। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৯.৪ মোবক-এর কর্মচারী প্রবিধানমালা অনুমোদন | উপসচিব (প্রশাসন) জানান যে, এ বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২৬ অক্টোবর ২০২৩ তারিখের সভায় নিম্নোক্ত বিষয়ের উপর গৃহীত সিদ্ধান্ত হয়ঃ<br>(ক) মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ এর প্রস্তাবিত সংশোধনের সুপারিশ করা হলো;<br>(খ) নৌপরিবহন মন্ত্রণালয় অর্থ বিভাগ থেকে উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা ও জুনিয়র অডিটর কাম টাইপিস্ট পদের বেতন স্কেল নির্ধারণ করবে এবং যথাযথ প্রক্রিয়ায় জুনিয়র অডিটর কাম টাইপিস্ট পদনাম পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করবে; এবং<br><br>(গ) এ বিষয়ে বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।<br><br>মোংলা বন্দর কর্তৃপক্ষ চাকুরি প্রবিধানমালা, ১৯৯১ সংশোধনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত সভায় গৃহীত ক, খ ও গ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য ২১-১১-২০২৩ তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষ-কে অনুরোধ করা হয়। | মোবক-এর কর্মচারী প্রবিধানমালা দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, মোবক<br>২. উপসচিব (মোবক), নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৫ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি এ যাবত বিআইডব্লিউটি'র ১৭টি বিভাগের কর্মকর্তাদের সাথে ৪টি সভা করেছে। এ সব সভায় বিআইডব্লিউটি'র সাংগঠনিক কাঠামো পর্যালোচনা করা হয়েছে। গত ১৭-০৯-২০২৩ তারিখে কমিটি চূড়ান্ত প্রতিবেদন সিনিয়র সচিব বরাবর জমা দেয়া এবং ২৪-০৯-২০২৩ তারিখে প্রস্তুতকৃত চূড়ান্ত প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআইডব্লিউটিএ তে প্রেরণ করা হয়।<br><br>সভাপতি প্রতিবেদনটি দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৯.৬ স্থলবন্দরের সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (স্থলবন্দর) জানান যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে ১৫ মে ২০২৩ তারিখে সাংগঠনিক কাঠামোর তফসিল-১ সংশোধনের বিষয়টি অনুমোদিত হয়েছে। ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন। | আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। উপসচিব (বাস্থবক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৭ মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা প্রনয়ণ** | বাংলাদেশ মেরিন একাডেমি কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ ভেটিং এর জন্য গত ২৯.০৮.২০২৩ খ্রি. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে, প্রস্তাবিত বিধানসমূহ International Convention on Standards of Training, Certification and Watchkeeping for Seafarers, 1978 (STCW) কনভেনশনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিশ্চিত করার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ থেকে গত ২০.১১.২০২৩ খ্রি. তারিখ এ মন্ত্রণালয়ে নথিটি ফেরত প্রদান করা হয়েছে। প্রস্তাবিত বিধানসমূহ উক্ত কনভেনশনের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পরীক্ষা করে ৩০ নভেম্বর ২০২৩ তারিখ এ মন্ত্রণালয় থেকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খোঁজ নিয়ে জানা যায় যে, নথিটি মাননীয় মন্ত্রীর অনুমোদনের অপেক্ষায় আছে।<br><br>সভাপতি মেরিন একাডেমীসমূহে নিয়োগবিধিমালা প্রনয়নের কাজ দ্রুত শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা জরুরি ভিত্তিতে প্রণয়ন সম্পন্ন করতে হবে। | ১. কমান্ড্যান্ট সকল মেরিন একাডেমী<br>২.নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৮ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ** | পায়রা বন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোতে ইতোপূর্বে ৮৫ ক্যাটাগরির ৩৪১ পদ সৃজন করা হয়েছে। পরবর্তীতে ১৬-০৪-২০২৩ তারিখে পাবক ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের প্রস্তাব নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করে। পাবকের প্রস্তাবের প্রেক্ষিতে নৌপরিবহন মন্ত্রণালয় হতে গত ০৫-১০-২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পদসমূহ সৃজনের বিষয়ে ২১-১১-২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সওব্য) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত/কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সিদ্ধান্ত পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি দ্রুত সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ করতে নির্দেশনা প্রদান করেন। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (পাবক)<br>২। সিনিয়র সহকারী সচিব (পাবক) |
| | ৯.৯ বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি | বিআইডব্লিউটিএ থেকে গত ১৪-০৮-২০২৩ তারিখে টিএ শাখায় নদী বন্দর সমূহের ফোরশোর ( তীরভূমি) বিআইডব্লিউটি'র অনুকূলে হস্তান্তর বিষয়ে একটি প্রস্তাব পাওয়া যায় এবং উক্ত বিষয়ে ২৪-০৯-২০২৩ তারিখে ভূমি মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়।<br>সভাপতি ভূমি মন্ত্রষণালয় এবং সংশ্লিষ্ট সকল জেলা প্রশাসক-কে ডিও পত্র প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br>২। সংশ্লিস্ট জেলা প্রশাসক কে ডিও পত্র দিতে হবে। | ১। চেয়ারম্যান (টিএ)<br>২। উপসচিব (টিএ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.১০ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ** | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালাহালনাগাদকরণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপত্বিতে ২৯-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালাহালনাগাদকরণ কাজ দ্রুত ত্বরান্বিত করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) কে আহবায়ক করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন। কমিটি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন পেশ করবে মর্মে জানান।<br><br>সভাপতি দ্রুত প্রবিধাণমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। অতিরিক্ত সচিব(প্রশাসন)<br>৩। উপসচিব (বাস্থবক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯.১১ যাত্রীবাহী নৌযানসহ সকল জ্বালানী ও দাহ্য পদার্থ পরিবহনকারী নৌযানে ফায়ার সেফটি ব্যবস্থা নিশ্চিতকরণ | জাতীয় সম্পদ রক্ষা ও জীবনহানি হ্রাসে যাত্রীবাহী নৌযানসহ সকল প্রকার জ্বালানী ও দাহ্য পরিবহনকারী নৌযানসমূহের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন ও তদনুযায়ী অগ্নিনির্বাপনী ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহিত ব্যবস্থা যথাশীঘ্র সম্ভব এ মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য গত ২৭-১১-২০২৩ তারিখে চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ ও মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন ও তদনুযায়ী অগ্নিনির্বাপনী ব্যবস্থা কোনখানে কি পদ্ধতি অবলম্বন করা হয় তা যথাযথভাবে অনুসরণ করা হয় কিনা সে বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর কে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। নৌযানের ফায়ার সেফটি প্লান অনুমোদন ও দেখাশোনা করার বিষয়টি মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরের কার্যাবলীর আওতাভূক্ত মর্মে মহাপরিচালক জানান।<br><br>সভাপতি যাত্রীবাহী নৌযান সমূহে ফায়ার সেফটি নিশ্চিত করতে নৌযান সমূহ পরিদর্শন করা এবং দপ্তর/সংস্থা সমূহে ফায়ার সেফটি সংক্রান্ত মহড়া আয়োজনের নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) পদে যোগদানকারী কর্মকর্তা অসুস্থতাজনিত কারণে দাপ্তরিক কাজ করতে পারছেন না, ফলে অধিদপ্তরের কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। তিনি উক্ত পদসহ ২জন নির্বাহী ম্যাজিস্ট্রেটের পদ পূরণের ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। | ১। যাত্রীবাহী নৌযানসহ সকল জ্বালানী ও দাহ্যপদার্থ পরিবহনকারী নৌযানে ফায়ার সেফটি ব্যবস্থা নৌপরবহন অধিদপ্তরের আওতাভূক্ত কাজ,তা জানিয়ে মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>২। অধিদপ্তরের প্রেষণ দসমূহ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রনালয়ে পত্র দিতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ, টিসি)<br>১. অতিরিক্ত সচিব (সংস্থা-১)<br>৩. মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর)।<br>৪। উপসচিব (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | **১০.১১ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। সভাপতি দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br><br>২. অতিরিক্ত সচিব (সকল), নৌপম |

আলোচনায় অংশ নিয়ে বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান জানান যে, বিআইডব্লিউটিসি'র চট্টগ্রাম সদরঘাট টার্মিনাল সংলগ্ন এলাকায় নাব্যতা সংকটের কারণে চট্টগ্রাম-হাতিয়া নৌরুটে যাত্রীবাহী জাহাজ এমভি তাজুদ্দিন ঘাটে ভিড়তে পারছে না। এক্ষেত্রে ড্রেজিং করা আবশ্যক। সভাপতি চেয়ারম্যান চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। কাজীর হাটে নতুন ঘাট নির্মাণ করা হলে অপেক্ষমাণ যাত্রীবাহী ও পণ্যবাহী পরিবহন কাজ ত্বরান্বিত হবে মর্মে জানান। এছাড়া বিআইডব্লিউটিসি অফিস ভবন সবুজ পাতায় অর্ন্তভুক্তিকরণ এবং নারায়নগঞ্জস্থ ভাসমান ডক সংলগ্ন এলাকায় ড্রেজিং আবশ্যক মর্মে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ জানান, পরিচালক(অর্থ) পদটি শূন্য রয়েছে। এটি জরুরি ভিত্তিতে পূরণ করা প্রয়োজন। এবিষয়ে জনপ্রশাসনে পত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ আইএমও এর সি ক্যাটাগরিতে নির্বাচিত হওয়ায় মহাপরিচালক নৌপরিবহন অধিদপ্তরকে আগামী দুই বছরে কমপক্ষে চারটি আন্তর্জাতিক সম্মেলন করার নির্দেশনা প্রদান করেন। চেয়ারম্যান বিআইডব্লিউটিএ জানান জরিমানা মওকুপের বিষয়টি মন্ত্রণালয়ে পেনডিং রয়েছে। উপসচিব টিএ শাখাকে অদ্যই উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইএমওতে বাংলাদেশ সি ক্যাটাগরিতে নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানায়। সভাপতি এর সর্বোচ্চ সুবিধা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১১। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৩.১৯০

তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

মোঃ কুতুব উল আলম
সিনিয়র সহকারী সচিব